

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস আইসিডি,
কমলাপুর, ঢাকা।
কাস্টম নিলাম দরপত্র বিজ্ঞপ্তি (টেন্ডার সেশন নং-০১/২০২১)

০১। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকার নির্দেশক্রমে আটক, বাজেয়াপ্ত, অখালাসকৃত দাবীদার বিহীন বিভিন্ন কন্টেইনার ও গুদামে রক্ষিত বিভিন্ন পণ্য যেমন- সিরামিক মগ, Rechargeable fan, বিভিন্ন প্রকার গাড়ি, Bronze Reflective Glass in sheet, LED light parts, Cylinder, Household goods, Scarab, Used Motor Parts, LED TV cabinet, Ceramic Floor Tiles, Glass Showpiece, PVC Laminated Ceiling Tiles, clock ইত্যাদি পণ্য (যেখানে যে অবস্থায় আছে) লট ভিত্তিক বিক্রয়ের জন্য আগামী ১৮.০১.২০২১ খ্রিঃ তারিখ সীল টেন্ডারের আয়োজন করা হয়েছে।

০২। দরপত্র বিক্রয় ও প্রদর্শনঃ নিম্নে উল্লিখিত সরকারি নিলামকারীর সাপে যোগাযোগ করে তাঁর/তাঁর মনোনীত প্রতিনিধির নিকট হতে ক্যাটালগ ও সিডিউল ০৭.০১.২০২১ খ্রিঃ হতে ১৮.০১.২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ১) কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা; ২) কাস্টম হাউস, ঢাকা; ৩) কাস্টমস এন্ডাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) ঢাকা; ৪) বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন করা (এলটিইউ-ভ্যাট), ঢাকা; ৫) কাস্টমস এন্ডাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব) ঢাকা; এবং ৬) নিলামকারীর অফিস হতে ক্যাটালগ ২০০/- (দুইশত) টাকা (অফেরৎযোগ্য) ও দরপত্রের সিডিউল ১০০/- (একশত) টাকা (অফেরৎযোগ্য) মূল্য পরিশোধপূর্বক সংগ্রহ করা যাবে। এছাড়া ক্যাটালগ ও সিডিউল এর কপি এ দুপুরের ওয়েবসাইট (www.chicd.gov.bd) হতে ০৭.০১.২০২১ খ্রিঃ হতে ১৮.০১.২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক নিলাম অনুষ্ঠানের দিন নির্ধারিত স্থানে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত ক্যাটালগ ২০০/- (দুইশত) টাকা (অফেরৎযোগ্য) ও দরপত্রের সিডিউল ১০০/- (একশত) টাকা (অফেরৎযোগ্য) এর মূল্য বাবদ মোট ৩০০/- টাকার একটি পে-অর্ডার সরকারি নিলামকারী খান ট্রেডিং কোং, এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। ক্যাটালগে বর্ণিত যে সকল পণ্য আলোচ্য নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে লটভুক্ত করা হয়েছে ঐ সকল পণ্য ১৩.০১.২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত পরিদর্শন করা যাবে।

০৩। দরপত্রের সিডিউলের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত দলিলাদি দাখিল করতে হবেঃ

- ক) নিলাম ক্রেতা হিসাবে মূসক নিবন্ধন সনদপত্র/নতুন মূসক নিবন্ধন সনদপত্র;
- খ) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
- গ) টি আই এন সার্টিফিকেট;
- ঘ) জাতীয় পরিচয় পত্র /স্মার্টকার্ড এর সত্যায়িত ছায়াছবি;
- ঙ) দরপত্রে (সিডিউল) উল্লিখিত ডাকা মূল্যের উপর ১০% হারে জামানত হিসাবে যেকোন তফসিলি ব্যাংক কর্তৃক (বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত) সহকারী/ডেপুটি কমিশনার (নিলাম) কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা বরাবর ইস্যুকৃত পে-অর্ডার;
- চ) ওয়েবসাইট হতে ক্যাটালগ ও দরপত্রের সিডিউল ডাউনলোড এর ক্ষেত্রে ৩০০/- টাকার একটি পে-অর্ডার খান ট্রেডিং কোং, এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার; এবং
- ছ) নির্দিষ্ট লটের ক্ষেত্রে ক্যাটালগে বর্ণিত শর্তের প্রেক্ষিতে যে সকল দলিলাদি প্রয়োজন।


০৪। দরপত্র দাখিল ও খোলার সময়ঃ সীলগালাকৃত দরপত্র আগামী ১৮.০১.২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ টা হতে বেলা ২:০০ টা পর্যন্ত ১) কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা; ২) কাস্টম হাউস, ঢাকা; ৩) কাস্টমস, এন্ডাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা; ৪) বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন করা (এলটিইউ-ভ্যাট), ঢাকা; এবং ৫) কাস্টমস, এন্ডাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করা যাবে এবং পরের কার্যদিবসে অর্থাৎ ১৯.০১.২০২১ খ্রিঃ তারিখ বেলা ২:০০ টার সময় আত্রহী দরদাতাগণের উপস্থিতিতে কাস্টম হাউস আইসিডি এর সম্মেলন কক্ষে (যদি দরদাতা/তাঁদের প্রতিনিধি উপস্থিত থাকেন), দরপত্র বাস্তব / প্রাপ্ত দরপত্র উন্মুক্ত করা হবে।

০৫। পণ্যের বিস্তারিত বিবরণ ও শর্তাবলী ক্যাটালগ ও সিডিউলে উল্লেখ থাকবে।

০৬। যদি কোন দরদাতা পে-অর্ডারসহ অন্যান্য কোন অসত্যা/নকল দলিলাদি দাখিল করেন তাহলে উক্ত দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে ফৌজদারি আইনে কার্যক্রম গ্রহণ করা হবে।

০৭। প্রাপ্ত যে কোন বা সকল দরপত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে বাতিলকরণ কিংবা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

সরকারি নিলামকারী:
খান ট্রেডিং কোং
৮৬, পূর্ব গোড়ান, ঢাকা-১২১৯
মোবাইলঃ ০১৭১১-৩৪৭১২৪


০৬/০১/২০২১
আদেশক্রমে,
মো: বিল্লাল হোসেন
সহকারী কমিশনার (নিলাম)